

জাতীয়

মালয়েশিয়ায় কর্মী পাঠানোর নামে প্রতারণা সহ্য করা হবে না: প্রবাসীকল্যাণমন্ত্রী



প্রতিবেদক: ঢাকা প্রোব ডেস্ক

প্রকাশের তারিখ: শুক্রবার, ০৯ অক্টোবর ২০২৬, ০৫:৪৪ PM



মালয়েশিয়ায় কর্মী পাঠানোর নামে প্রতারণার সঙ্গে জড়িত কোনো এজেন্সিকে ছাড় দেওয়া হবে না বলে জানিয়েছেন প্রবাসীকল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থানমন্ত্রী আরিফুল হক চৌধুরী। তিনি বলেন, প্রতারণামূলক কর্মকাণ্ডে জড়িত এজেন্সিগুলোর বিরুদ্ধে সরকার ব্যবস্থা নিচ্ছে।

বৃহস্পতিবার (৮ অক্টোবর) রাতে সিলেট ওসমানী আন্তর্জাতিক বিমানবন্দর কর্তৃপক্ষের কাছে ২৫টি ট্রলি হস্তান্তর অনুষ্ঠানে মন্ত্রী এসব কথা বলেন। ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের ব্যবস্থাপনা ও অর্থায়নে ট্রলিগুলো দেওয়া হয়।

মন্ত্রী বলেন, প্রবাসীদের বিমানবন্দরে সেবা সহজ ও হয়রানিমুক্ত করতে সরকার ধারাবাহিকভাবে বিভিন্ন উদ্যোগ নিচ্ছে। [প্রবাসী কার্ড] ও [প্রবাসী ব্যাংক] সহ প্রবাসীদের জন্য বিভিন্ন সেবা চালুর বিষয়ে কাজ চলছে। প্রবাসীদের সমস্যা শুনতে সপ্তাহে অন্তত এক দিন সময় বরাদ্দ রাখতে সিলেট ও চট্টগ্রামের জেলা প্রশাসকদের নির্দেশনা দেওয়া হয়েছে বলেও জানান তিনি।

প্রবাসীদের সমস্যা সমাধানে সরকারের উদ্যোগ তুলে ধরে আরিফুল হক চৌধুরী বলেন, বর্তমান সরকার দায়িত্ব নেওয়ার পর গত আট মাসে ধাপে ধাপে বিভিন্ন সমস্যা সমাধানে কাজ করেছে। বিশেষ করে বিমানবন্দরে প্রবাসীদের হয়রানি কমানো এবং সেবা সহজ করতে নানা উদ্যোগ নেওয়া হয়েছে।

বিদেশে কর্মী পাঠানোর ক্ষেত্রে কারিগরি দক্ষতার গুরুত্ব তুলে ধরে মন্ত্রী বলেন, এ জন্য দেশের কারিগরি শিক্ষাপ্রতিষ্ঠানগুলোকে আরও সক্রিয় করার উদ্যোগ নেওয়া হয়েছে। শিক্ষাপ্রতিষ্ঠানগুলোতে কারিগরি শিক্ষার ওপর গুরুত্ব দেওয়ার পাশাপাশি কওমি মাদ্রাসাগুলোতেও কারিগরি শিক্ষা চালুর পরিকল্পনা রয়েছে।

অনুষ্ঠানে সিলেট ওসমানী আন্তর্জাতিক বিমানবন্দরের পরিচালক হাফিজ আহমদ, সিলেটের জেলা প্রশাসক আবদুল্লাহ আল মামুন এবং সিলেট জেলা বিএনপির জ্যেষ্ঠ সহসভাপতি মাহবুবর রব চৌধুরী ফয়সল উপস্থিত ছিলেন।

এ বিভাগের আরও খবর



অটোরিকশাচালক সুমনই তাজমিনকে ধর্ষণের পর শাসরোধে হত্যা করেন: পুলিশ
কুমিল্লার লালমাইয়ে স্থলছাত্রী জায়াতুল তাজমিনকে ধর্ষণের পর শাসরোধে হত্যার ঘটনায় রহস্য উদ্‌ঘাটনের কথা জানিয়েছে পুলিশ। এ ঘটনায় অটোরিকশাচালক...



রূপপুর কেন্দ্র থেকে দ্রুত বিদ্যুৎ সরবরাহের প্রতিশ্রুতি রোসাটমের
রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্রের প্রথম ইউনিট থেকে দ্রুততম সময়ের মধ্যে জাতীয় গ্রিডে পরীক্ষামূলকভাবে বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করার প্রতিশ্রুতি...



কুমিল্লায় স্কুলছাত্রী হত্যা মামলায় অটোরিকশাচালক গ্রেপ্তার
কুমিল্লার লালমাইয়ে খানজেকত থেকে উদ্ধার হওয়া সপ্তম শ্রেণির শিক্ষার্থী জাম্মাতুল তাজমিন (১৫) হত্যা মামলায় সূমন নামে এক অটোরিকশাচালককে গ্রেপ্তার...



মানসিক স্বাস্থ্য নিয়ে ভয়, লজ্জা ও কুসংস্কার দূর করার আহ্বান প্রধানমন্ত্রীর
মানসিক অসুস্থতাকে ঘিরে থাকা ভয়, লজ্জা, কুসংস্কার ও বৈষম্য দূর করতে সমাজের সবাইকে সম্মিলিতভাবে কাজ করার আহ্বান জানিয়েছেন প্রধানমন্ত্রী তারেক...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: <https://dhakaprobe.com/national/malyeshiyay-karmi-pathanor-name-prtarna-shj-kra-hbe-na-prbasikljanmntri>